দৈনিক সংবাদ

তারিখ 10 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

36

ঢাকা মেডিক্যাল কলেজ

# ছাত্ররা আজও পরীক্ষা দেবে না

( মেডিক্যাল রিপোর্টার )

ঢাকা মেডিক্যাল কলেজের প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা আজ সোমবারও ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করবে না। গতকাল রোববার পরীক্ষার্থীরা এই সিদ্ধান্ত নিয়েছে।

গতকাল রোববার ছাত্রছাত্রীদের একটি প্রতিনিধিদল দেখা করলে অধ্যক্ষ আজ যথাসময়ে ফিজিওলজি পরীক্ষা দিতে তাদের বলেন। তাদেরকে পাস করিয়ে দেয়া

মেডিক্যাল ঃ পৃঃ ২ কঃ ২

## মেডিক্যাল ঃ পরীক্ষা দেবে না

( ১ম পৃষ্ঠার পর )

হবে বলে আশ্বাস দেয়া হয়। কিন্তু ছাত্রছাত্রীরা অভিযোগ করেছে যে, প্রস্তুতির জন্য সময় চেয়েই তারা পরীক্ষা পেছানোর দাবি করছে। এ কারণে আজ পরীক্ষায় অংশগ্রহণ তাদের পক্ষে সম্ভব নয়।